ঔষধ নিয়ন্ত্রণ কমিটির ১৬ এপ্রিল, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৪৯তম সভার কার্যবিবরণী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জনাব মোঃ সিরাজুল হক খান এঁর সভাপতিত্বে ঔষধ নিয়ন্ত্রণ কমিটির ২৪৯তম সভা বিগত ১৬ এপ্রিল ২০১৮ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. অধ্যাপক ডাঃ মোঃ ইসমাইল খান, উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
২. অধ্যাপক মীর মিজবাহ উদ্দিন, ফার্মাকোলজী বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
৩. অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. ডাঃ মোঃ রেজাউল ইসলাম, পরিচালক (গ,প্র,মূ), প্রাণি সম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫. জনাব আব্দুল ওহাব খান, উপসচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. ডাঃ কাজী আফজালুর রহমান, সহযোগী অধ্যাপক, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. অধ্যাপক ডাঃ জাকির হোসাইন গালিব, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ, স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ, ঢাকা।
৮. ডাঃ ফাহমিদা হক, সহকারী অধ্যাপক, গাইনী এন্ড অবসটেট্রিক্স বিভাগ, স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ, ঢাকা।
৯. জনাব মোঃ আবদুর রাজ্জাক, ব্যবস্থাপনা পরিচালক, জেএমআই সিরিঞ্জেস এন্ড মেডিকেল ডিভাইসেস লিঃ, কুমিল্লা।
১০. জনাব রাব্বুর রেজা, বিশেষজ্ঞ প্রতিনিধি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ঢাকা।
১১. জনাব মোঃ শফিউজ্জামান, বিশেষজ্ঞ প্রতিনিধি, মহাসচিব, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ঢাকা।
১২. অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম, বিশেষজ্ঞ প্রতিনিধি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি, ঢাকা।
১৩. জনাব এম মোছাদ্দেক হোসেন, বিশেষজ্ঞ প্রতিনিধি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, ঢাকা।
১৪. মেজর জেনারেল মোঃ মোস্তাফিজুর রহমান, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

সভায় আলোচ্য বিষয় সমূহ নিম্নরূপঃ

ক) ঔষধ নিয়ন্ত্রণ কমিটির ২৪৮ তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

খ) ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব কমিটির গত ০৪/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহঃ

১) জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ডের চতুর্দশ সভার সিদ্ধান্ত মোতাবেক সিলডেনাফিল সাইট্রেট জাতীয় পদ উৎপাদন ও বাজারজাত না করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

২) স্থানীয়ভাবে উৎপাদনের জন্য ১৬৪টি হিউম্যান ঔষধের রেজিস্ট্রেশনের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৩) আমদানীর জন্য ০১টি হিউম্যান ঔষধের রেজিস্ট্রেশনের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৪) স্থানীয়ভাবে উৎপাদনের জন্য ০৪টি ভেটেরিনারী ঔষধের রেজিস্ট্রেশনের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৫) আমদানীর জন্য ১৩টি ভেটেরিনারী ঔষধের রেজিস্ট্রেশনের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গ) ঔষধ নিয়ন্ত্রণ কমিটির মেডিকেল ডিভাইসের টেকনিক্যাল সাব কমিটির গত ০৪/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহঃ

১) স্থানীয়ভাবে উৎপাদনের জন্য ০২টি মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশনের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

২) আমদানীর জন্য ০৮টি মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশনের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

ঘ) হার্বাল এডভাইজরী কমিটি (ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব কমিটি)-এর ২৯/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহঃ

১) স্থানীয়ভাবে উৎপাদনের জন্য ৫৫টি হার্বাল মেডিসিনের রেজিস্ট্রেশনের বিষয়ে হার্বাল ঔষধ এডভাইজরী কমিটির সুপারিশের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সভার আলোচনা ও সিদ্ধান্তঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সদস্য-সচিব মেজর জেনারেল মোঃ মোস্তাফিজুর রহমান, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরকে আলোচ্য সূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

ক) **ঔষধ নিয়ন্ত্রণ কমিটির ২৪৮তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

বিগত আগষ্ট ১৬, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ঔষধ নিয়ন্ত্রণ কমিটির ২৪৮তম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়।

সভায় উপস্থিত সদস্যগণ ২৪৮তম সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে মত প্রকাশ করেন।

সভায় সর্বসম্মতিক্রমে ২৪৮তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

খ) ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব কমিটির গত ০৪ জানুয়ারী, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহঃ

১। জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ডের চতুর্দশ সভার সিদ্ধান্ত মোতাবেক সিলডেনাফিল সাইট্রেট জাতীয় পদ উৎপাদন ও বাজারজাত না করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ডের চেয়ারম্যান মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন এর সভাপতিত্বে বিগত ৮ অক্টোবর ২০১৫ তারিখে অনুষ্ঠিত চতুর্দশ সভায় বাংলাদেশের কোন কারখানায় ভায়াগ্রা বা অন্য কোন নামে সিলডেনাফিল সাইট্রেট উপাদান হিসেবে কোন যৌন উত্তেজক ট্যাবলেট, সিরাপ বা ইঞ্জেকশন যাতে উৎপাদন ও বিপণন হতে না পারে সে বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বিষয়ে পুনঃ সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সিলডেনাফিল সাইট্রেট নামীয় পদ উৎপাদন ও বাজারজাত না করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১১ ডিসেম্বর, ২০১৭ তারিখে ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অবহিত করা হয়।

ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক বিভিন্ন বিশেষজ্ঞদের নিকট সিলডেনাফিল সাইট্রেট নামীয় পদটির ব্যবহারের উপযোগিতা সম্পর্কে সুচিন্তিত মতামত চাওয়া হয়।

উল্লিখিত বিষয়ে অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছার, চেয়ারম্যান, ফার্মেসী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় মতামত প্রদান করেন যে, সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি Pulmonary Arterial Hypertension ও Erectile dysfunction চিকিৎসায় নির্দেশিত এবং Tertiary level Hospital গুলোতে নবজাতকদের চিকিৎসায় ব্যবহার করা হচ্ছে, যা অনেক নবজাতক শিশুদের জীবন রক্ষা করছে।

জনাব এম মোসাদ্দেক হোসেন, ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল মতামত প্রদান করেন যে, সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি মাদক নয় এবং কোন ঔষধ মাদক হিসেবে বিবেচিত হতে হলে ইন্টারন্যাশনাল নারকোটিক কন্ট্রোল বোর্ড ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক তালিকাভুক্ত হতে হয়। বিশেষজ্ঞগণ সিলডেনাফিল সাইট্রেট পদটির উৎপাদন ও বাজারজাতকরণ অব্যাহত রাখার বিষয়ে মতামত প্রদান করেন।

ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব-কমিটির সভায় সিলডেনাফিল সাইট্রেট পদটির উৎপাদন ও বাজারজাতকরণ বিষয়ে আলোচনাকালে সদস্যগণ ঔষধটি সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়াদি উল্লেখ করেনঃ

ঔষধ নিয়ন্ত্রণ কমিটির বিগত ২০ মে, ২০১২ তারিখে অনুষ্ঠিত ২৪১তম সভায় সিলডেনাফিল সাইট্রেট নামীয় ঔষধটি Pulmonary Arterial Hypertension ও Erectile dysfunction চিকিৎসার জন্য কার্যকর ঔষধ হিসেবে অনুমোদিত হয়।

সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি USFDA কর্তৃক অনুমোদিত, যা Pfizer নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে ভায়াগ্রা নামে সর্বপ্রথম ১৯৯৮ সালে অনুমোদিত হয়। ঔষধটি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইউরোপীয় ইউনিয়ন, কানাডা এবং ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশে নিবন্ধিত আছে।

সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি স্থানীয়ভাবে উৎপাদিত হয় বিধায় স্বল্প মূল্যে পাওয়া যায়। ঔষধটি স্থানীয়ভাবে উৎপাদনের পূর্বে স্মাগলিং হয়ে প্রচুর পরিমানে দেশে প্রবেশ করতো। ঔষধটির উৎপাদন বন্ধ করা হলে পার্শ্ববর্তী দেশ হতে স্মাগলিং হয়ে দেশে প্রবেশ করবে।

ঔষধটি Erectile dysfunction চিকিৎসায় এবং নবজাতক শিশুদের Pulmonary Arterial Hypertension চিকিৎসায় একটি জীবন রক্ষাকারী ঔষধ এবং এর কোন বিকল্প নেই বিধায় রেজিস্ট্রেশন বহাল রাখা জরুরী। ঔষধটির যৌক্তিক ব্যবহার নিশ্চিতকল্পে মোড়কে লাল কালিতে **"প্রেসক্রিপশন ছাড়া ব্যবহার করা যাবে না"** মর্মে উল্লেখ করতে হবে। থেরাপিউটিক প্রয়োজনীয়তা বিবেচনায় এটি বহাল রাখা যেতে পারে।

টেকনিক্যাল সাব-কমিটির সুপারিশঃ

১) সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি Erectile dysfunction এবং নবজাতক শিশুদের Pulmonary Arterial Hypertension (PHN) চিকিৎসায় জীবনরক্ষাকারী ঔষধ বিধায় সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে সিলডেনাফিল সাইট্রেট ঔষধটির উৎপাদন ও বাজারজাতকরণ বহাল রাখার সুপারিশ করা হয়।

২) নবজাতক শিশুদের Pulmonary Arterial Hypertension (PHN)-ব্যবস্থাপনায় সিলডেনাফিল সাইট্রেট ঔষধটির উপযোগিতা সম্পর্কে পরিচালক, ঢাকা শিশু হাসপাতাল-এর মতামত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) সিলডেনাফিল সাইট্রেট ঔষধটির বিতরন নিয়ন্ত্রণ করার জন্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ঔষধটির মোড়কে লাল কালিতে **"প্রেসক্রিপশন ছাড়া ব্যবহার করা যাবে না"** উল্লেখ করতে হবে।

ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব-কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ঢাকা শিশু হাসপাতালের পরিচালক-এর নিকট সিলডেনাফিল সাইট্রেট ঔষধটির বিষয়ে মতামতের জন্য প্রেরণ করা হলে তিনি ঔষধটির রেজিস্ট্রেশন বহাল রাখার পক্ষে মত প্রদান করেন।

ঔষধ নিয়ন্ত্রণ কমিটির সভার আলোচনাঃ

সভার সদস্য-সচিব মেজর জেনারেল মোঃ মোস্তাফিজুর রহমান, মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর বলেন যে, জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ডের চতুর্দশ সভার সিদ্ধান্ত মোতাবেক সিলডেনাফিল সাইট্রেট জাতীয় পদ উৎপাদন ও বাজারজাত না করার বিষয়ে টেকনিক্যাল সাব-কমিটির সভায় বিস্তারিত আলোচনা হয়। তিনি বলেন টেকনিক্যাল সাব-কমিটির সভায় উপস্থিত বিশেষজ্ঞ সদস্যগণ মত প্রকাশ করেছেন যে, সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি Erectile dysfunction এবং নবজাতক শিশুদের Pulmonary Arterial Hypertension (PHN) চিকিৎসায় জীবন রক্ষাকারী ঔষধ। ঔষধটির রেজিস্ট্রেশন বহাল রেখে নিয়ন্ত্রিত ব্যবস্থায় উৎপাদন ও বাজারজাত করার সুপারিশ করেন। বিষয়টির উপর মতামত প্রদানের জন্য তিনি সবাইকে অনুরোধ করেন।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ফার্মাকোলজী বিভাগের অধ্যাপক মীর মিজবাহ উদ্দিন বলেন যে, বাংলাদেশে কতজন Pulmonary Arterial Hypertension (PHN) ও Erectile dysfunction এর রোগী আছে এবং সিলডেনাফিল সাইট্রেট ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো কী পরিমান উৎপাদন ও বিক্রি করছে তার পরিসংখ্যান থাকা প্রয়োজন। তিনি ঔষধটির অপব্যবহার হচ্ছে বলে অভিমত ব্যক্ত করেন।

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল-এর বিশেষজ্ঞ প্রতিনিধি জনাব এম মোছাদ্দেক হোসেন বলেন যে, সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি নবজাতক শিশুদের জন্য একটি জীবনরক্ষাকারী ঔষধ। Erectile dysfunction এর চিকিৎসায় বিশেষজ্ঞ ইউরোলজিস্টগণ প্রেসক্রাইব করে থাকেন। ঔষধ নিয়ন্ত্রণ কমিটির ২৪১তম সভায় শুধুমাত্র চিকিৎসকদের প্রেসক্রিপশনে ঔষধটি ব্যবহার হবে মর্মে সিদ্ধান্ত ছিল। এটি পৃথিবীর প্রায় অধিকাংশ দেশে অনুমোদন রয়েছে।

স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজের চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডাঃ জাকির হোসাইন গালিব বলেন যে, সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি USFDA কর্তৃক অনুমোদিত। ঔষধটির আবিষ্কারক নোবেল পুরষ্কার পেয়েছেন, প্রথমে Pfizer কোম্পানী ঔষধটি বাজারজাত করে। বাংলাদেশের ৭% নবজাতক শিশু Pulmonary Arterial Hypertension (PHN) রোগে ভোগে এবং এদের চিকিৎসায় ঔষধটির বিকল্প নাই। শিশুদের চিকিৎসার জন্য স্বল্প মাত্রায়ও ঔষধটি উৎপাদন করার পক্ষে তিনি মত প্রকাশ করেন।

চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ মোঃ ইসমাইল খান বলেন যে, ঔষধটি বৈজ্ঞানিক বিবেচনায় এবং চিকিৎসার প্রয়োজনে অতীব প্রয়োজনীয় ঔষধ। ঔষধটি কোন Addiction সৃষ্টি করে না। যুক্তরাজ্যে এটি OTC (Over the Counter) ড্রাগ হিসেবে স্বীকৃত।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মোঃ মোস্তাফিজুর রহমান বলেন যে, সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি নিয়ন্ত্রণের জন্য নজরদারী বাড়ানো যেতে পারে। এক্ষেত্রে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মনিটরিং করতে পারে।

সভাপতি মহোদয় বলেন যে, যেহেতু স্বরাস্ট্রমন্ত্রণালয় হতে সিলডেনাফিল সাইট্রেট ঔষধটির উৎপাদন ও বাজারজাত না করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে সেহেতু বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা আবশ্যক। তিনি আরও বলেন যে, চিকিৎসার স্বার্থে ঔষধটির প্রয়োজনীয়তা রয়েছে তবে এর অপব্যবহার রোধকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। অপব্যবহার রোধে সংশ্লিষ্ট সবাইকে যৌথভাবে কাজ করতে হবে বলে তিনি মত প্রকাশ করেন।

সভার সিদ্ধান্তঃ

ক) সিলডেনাফিল সাইট্রেট ঔষধটি Erectile dysfunction চিকিৎসায় এবং নবজাতক শিশুদের Pulmonary Arterial Hypertension (PHN) চিকিৎসায় অতীব প্রয়োজন বিধায় ঔষধটির রেজিস্ট্রেশন বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) ঔষধটির উৎপাদন ও বাজারজাতকরণে মনিটরিং আরও জোরদার করতে হবে। সেক্ষেত্রে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর যৌথভাবে মনিটরিং করবে।

গ) ঔষধটির মোড়কে লাল কালিতে **"Prescription only medicine"** এবং **"প্রেসক্রিপশন ছাড়া ব্যবহার করা যাবে না"** উল্লেখ করতে হবে।

২। **স্থানীয়ভাবে উৎপাদনের জন্য আবেদিত ১৬৪টি হিউম্যান ঔষধের রেজিস্ট্রেশন অনুমোদন বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।**

স্থানীয় উৎপাদনের জন্য রেজিস্ট্রেশনের নিমিত্তে দাখিলকৃত ১৬৪টি নতুন ঔষধের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) অনুমোদিত = ৬৮ টি;
খ) নামঞ্জুরকৃত = ৯৬ টি; (Annex-A)

৩। **আমদানীর জন্য আবেদিত ০১ (এক)টি হিউম্যান ঔষধের রেজিস্ট্রেশন অনুমোদন বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।**

আমদানীর জন্য হিউম্যান ঔষধের রেজিস্ট্রেশনের নিমিত্তে আবেদিত নিম্নবর্ণিত ঔষধটি সভায় উপস্থাপন করা হয়। টেকনিক্যাল সাব কমিটি সভার সুপারিশ মোতাবেক Insulin Glargine 300U/3ml স্থানীয়ভাবে উৎপাদনের জন্য অনুমোদিত বিধায় 300U/ml (Annex-B) কেন প্রয়োজন সে বিষয়ে ব্যাখা প্রদানের জন্য মেসার্স সানোফি বাংলাদেশ লিঃ-কে বলা হয়। কিন্তু অদ্যাবধি কোন উত্তর পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ প্রতিষ্ঠানটির ব্যাখ্যা পাওয়া গেলে পরবর্তীতে টেকনিক্যাল সাব-কমিটির সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। **স্থানীয়ভাবে উৎপাদনের জন্য আবেদিত ০৪টি ভেটেরিনারী ঔষধের রেজিস্ট্রেশন অনুমোদন বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।**

স্থানীয় উৎপাদনের জন্য রেজিস্ট্রেশনের নিমিত্তে দাখিলকৃত ০৪টি নতুন ভেটেরিনারি ঔষধের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) অনুমোদিত = ০৪টি; (Annex-C)

৫। **আমদানীর জন্য আবেদিত ১৪টি ভেটেরিনারী ঔষধের রেজিস্ট্রেশন অনুমোদন বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।**

আমদানীর জন্য রেজিস্ট্রেশনের নিমিত্তে দাখিলকৃত ১৪টি নতুন ভেটেরিনারি ঔষধের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) অনুমোদিত = ০৬ টি
খ) স্থগিতকৃত= ০১টি, এবং
গ) নামঞ্জুরকৃত = ০৬ টি; (Annex-D)

গ) **ঔষধ নিয়ন্ত্রণ কমিটির মেডিকেল ডিভাইসের টেকনিক্যাল সাব কমিটির গত ০৪ জানুয়ারী, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহঃ**

১। **স্থানীয়ভাবে উৎপাদনের জন্য আবেদিত ০২টি মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন অনুমোদন বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।**

স্থানীয় উৎপাদনের জন্য রেজিস্ট্রেশনের নিমিত্তে দাখিলকৃত ০২টি নতুন মেডিক্যাল ডিভাইসের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক। অনুমোদিত = ০২ টি; (Annex-E)

২। **আমদানীর জন্য আবেদিত ০৮টি মেডিকেল ডিভাইসের রেজিস্ট্রেশন অনুমোদন বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।**

আমদানির জন্য রেজিস্ট্রেশনের নিমিত্তে দাখিলকৃত ০৮টি নতুন মেডিক্যাল ডিভাইসের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) অনুমোদিত = ০৪ টি, এবং
খ) স্থগিতকৃত = ০৪টি, (Annex-F)

ঘ) **স্থানীয়ভাবে উৎপাদনের জন্য আবেদিত ৫৫টি হার্বাল ঔষধের রেজিস্ট্রেশন অনুমোদন বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের আলোকে সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।**

স্থানীয় উৎপাদনের জন্য রেজিস্ট্রেশনের নিমিত্তে দাখিলকৃত ৫৫টি নতুন হার্বাল ঔষধের বিষয়ে টেকনিক্যাল সাব কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) অনুমোদিত = ৪৪ টি;
খ) নামঞ্জুরকৃত = ১১ টি; (Annex-G)।

বিবিধ আলোচনাঃ

ঙ। **স্থানীয়ভাবে মেডিকেল ডিভাইস উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সহযোগিতা ও উৎসাহ প্রদান প্রসঙ্গেঃ**

সভার আলোচনাঃ

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ফার্মাকোলজী বিভাগের অধ্যাপক মীর মিজবাহ উদ্দিন বলেন যে, বাংলাদেশে স্থানীয়ভাবে উৎপাদনের জন্য মেডিকেল ডিভাইস শিল্পকে উৎসাহিত করা উচিত।

জেএমআই সিরিঞ্জেস এন্ড মেডিকেল ডিভাইসেস লিঃ-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবদুর রাজ্জাক বলেন যে, বাংলাদেশে বর্তমানে প্রায় চব্বিশ হাজার কোটি টাকার মেডিকেল ডিভাইসের মার্কেট রয়েছে যার মধ্যে মাত্র ৫% মেডিকেল ডিভাইস দেশে উৎপাদন করা হয়। স্থানীয়ভাবে মেডিকলে ডিভাইস উৎপাদন ও বাজারজাতকরণের ক্ষেত্রে বিভিন্ন প্রতিবন্ধকতার বিষয়ে উল্লেখ করে তিনি বলেন, কাঁচামাল ও মেশিনারী আমদানীর সময় উচ্চ শুল্ক প্রদান করতে হয়, রপ্তানীর ক্ষেত্রে কোন প্রণোদনা পাওয়া যায় না। মেডিকেল ডিভাইস রপ্তানির ক্ষেত্রে চীন সরকার ১৭% প্রণোদনা দিয়ে থাকে। ফলে চীনের তৈরি মেডিকেল ডিভাইসসমূহ স্বল্প মূল্যে আমদানি ও বিক্রয় করা যায়। বাংলাদেশে উৎপাদিত মেডিকেল ডিভাইস চীনের তৈরি মেডিকেল ডিভাইসসমূহের সাথে প্রতিযোগিতায় টিকে থাকা কঠিন। আর্থিকভাবে টিকে থাকতে না পারায় ইতোমধ্যে বাংলাদেশে বেশ কয়েকটি মেডিকেল ডিভাইস উৎপাদনকারী প্রতিষ্ঠান বন্ধ হয়ে গিয়েছে। মেডিকেল ডিভাইস রেজিস্ট্রেশন গাইডলাইন-২০১৫ স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হলেও অদ্যাবধি তার গেজেট প্রকাশিত হয়নি। তিনি মেডিকেল ডিভাইস উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোকে সহযোগিতা প্রদানের অনুরোধ করেন।

সভাপতি মহোদয় বলেন যে, প্রণীত গাইডলাইনটি গেজেট আকারে প্রকাশের নিমিত্তে ব্যবস্থা গ্রহণ করা হবে।

সিদ্ধান্তঃ ১। প্রণীত মেডিকেল ডিভাইস রেজিস্ট্রেশন গাইডলাইন-২০১৫টি গেজেট প্রকাশিত করার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করবে।
২। মেডিকেল ডিভাইস উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় বিভিন্ন সহযোগিতা প্রদান এবং মেডিকেল ডিভাইস রপ্তানির ক্ষেত্রে প্রণোদনা প্রদানের পদক্ষেপ গ্রহণ করা হবে।

চ। **হার্বাল ঔষধ ও অত্যাবশ্যকীয় নিউট্রিশনাল সাপ্লিমেন্ট আমদানী প্রসঙ্গেঃ**

সভার আলোচনাঃ

বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি-এর সহ সভাপতি অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম উল্লেখ করেন যে, হার্বাল ঔষধ ও অত্যাবশ্যকীয় নিউট্রাসিট্রিক্যাল আমদানির বিষয়ে তিনি সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আবেদন করেছেন। তিনি আবেদনে উল্লেখ করেছেন যে, মন্ত্রণালয়ের স্মারক নং-স্বাপকম/স্বাঃসেঃবিঃ/ঔষধ প্রশাসন-১/নীতি-১/২০১৭(৮৬)১২; তারিখ: ১৪-০৬-২০১৭ মোতাবেক প্রস্তুতকৃত হার্বাল ঔষধ আমদানির উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। এমতাবস্থায়, গুরুতর অসুস্থ রোগীদের চিকিৎসার প্রয়োজনে ব্যবহৃত হয় অথচ আমাদের দেশে উৎপাদন ও বাজারজাত হয় না এমন হার্বাল ঔষধ ও অত্যাবশ্যকীয় নিউট্রিশনাল সাপ্লিমেন্টসমূহ আমদানী করা সম্ভবপর হচ্ছে না। এর ফলে সংশ্লিষ্ট গুরুতর অসুস্থ রোগীদের যথার্থ চিকিৎসা ব্যহত হবে বলে তিনি আবেদনে উল্লেখ করেন।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ফার্মাকোলজী বিভাগের অধ্যাপক মীর মিজবাহ উদ্দিন বলেন যে, বাংলাদেশে হার্বাল ঔষধ শিল্পকে আরও সমৃদ্ধ করা প্রয়োজন।

অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম বলেন যে, হার্বাল ঔষধের উপর গবেষণা করা প্রয়োজন রয়েছে, ক্লিনিক্যাল ট্রায়াল এর মাধ্যমে হার্বাল ঔষধের Safety efficacy নিশ্চিত করা আবশ্যক। তিনি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের লাভের ১% ঔষধের উপর গবেষণার জন্য প্রদানের প্রস্তাব করেন।

ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মোঃ মোস্তাফিজুর রহমান বলেন যে, বাংলাদেশের হার্বাল ঔষধ শিল্পের ইতোমধ্যেই যথেষ্ট পরিমাণে উন্নতি সাধিত হয়েছে। সময়ের সাথে সাথে এ শিল্প সমৃদ্ধ হচ্ছে। বিভিন্ন অ্যালোপ্যাথিক ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান হার্বাল ঔষধ উৎপাদনের কারখানা স্থাপন করছে। পৃথিবীর বিভিন্ন দেশে হার্বাল ঔষধ রপ্তানী করা হচ্ছে। দেশীয় ঔষধ শিল্পের বিকাশের জন্য আমদানী নির্ভরতা কমাতে হবে। ঔষধের গবেষণার জন্য কেউ এগিয়ে আসলে ঔষধ শিল্প হতে সহযোগিতা পাওয়া যাবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মেজর জেনারেল মোঃ মোস্তাফিজুর রহমান
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ও
সদস্য-সচিব
ঔষধ নিয়ন্ত্রণ কমিটি।

মোঃ সিরাজুল হক খান
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ও
সভাপতি
ঔষধ নিয়ন্ত্রণ কমিটি।

Annex-A:
Product for locally manufacture (Human)

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
1.	a) Aristopharma Ltd. Plot No.21, Road No.11, Shampur-Kadamtali I/A Dhaka-1204 b) Drug International Ltd 252, Tongi I/A Tongi, Gazipur	**Linagliptin 5 mg + Metformin Hydrochloride 1000mg Extended Release Tablet**	**Linagliptin** INN 5 mg + Metformin Hydrochloride BP 1000 mg	Antidiabetic	It is indicated as an adjunct to diet and exercise to improve glycemic control in adults with type 2 diabetes mellitus when treatment with both Linagliptin and Metformin Extended Release is appropriate.	Contraindication: It is contraindicated in patients with known hypersensitivity to Linagliptin , Metformin or any other components of this drug. This medicine is also contraindicated for following patients: Severe Renal impairment, acute or chronic metabolic acidosis including diabetic ketoacidosis. Side effects: The most common side effects are nasopharyngitis and diarrhea. Other side effects are nausea, vomiting, allergic reactions, joint pain. Hypoglycemia is more common in patient treated with this combination and Sulfonylurea or Insulin.	Linagliptin 2.5mg + Metformin Hydrochloride 1000 mg Tablet	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।
2.	a) Beacon Pharmaceuticals Ltd, Kathali, Bhaluka, Mymensingh b)Square Pharmaceuticals Ltd., Pabna Unit, Salgaria, Pabna	Deflazacort 12mg Tablet	Deflazacort INN 12mg	Glucocorticoid	Asthma and other airway Diseases, Rheumatoid arthritis, juvenile chronic arthritis, pemphigus, uveitis, nephritic, syndrome,Immune suppression in transplantation, anaphylaxis, severe,hypersensitivity reactions, dermatomyositis, mixed connective, tissue disease, polyarteritis nodosa, bullous pemphigoid, ulcerative colitis, optic neuritis, autoimmune haemolytic anaemia, idiopathic, thrombocytopenic, purpura, acute and lymphatic leukaemia, malignant lymphoma.	Contraindications: Systemic infection; live virus vaccines in those receiving immunosuppressive doses. Side Effects: GI disturbances, musculoskeletal, endocrine, neuropsychiatric, ophthalmic, fluid and electrolyte disturbances; susceptible to infection, impaired healing, hypersensitivity, skin atrophy, striae, telangiectasia, acne, myocardial rupture following recent MI, thromboembolism.	6mg, 24mg Tablet & 120mg/100ml Suspention		প্রয়োজনীয় রেফারেন্স নেই বিধায় আবেদন নামঞ্জুর করা যেতে পারে।	প্রয়োজনীয় রেফারেন্স নেই বিধায় আবেদন নামঞ্জুর করা হল।
3.	a) Beacon Pharmaceuticals Ltd, Kathali, Bhaluka, Mymensingh	Sofosbuvir 400 mg + Velpatasvir 100 mg + Voxilaprevir 100 mg Film Coated	Sofosbuvir INN 400 mg + Velpatasvir INN 100 mg + Voxilaprevir INN 100 mg	Antiviral	It is indicated for the treatment of adult patients with chronic hepatitis C virus (HCV) infection without cirrhosis or with compensated cirrhosis (Child-Pugh A) who have- ♦ Genotype 1, 2, 3, 4, 5, or 6 infection	Contraindications: Contraindications with rifampin. Side Effects: The most common adverse reactions (incidence greater than or equal to 10%, all	Sofosbuvir INN 400 mg + Velpatasvir INN 100 mg	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
	b)Julphar Bangladesh Ltd. Sreepur, Gazipur, Dhaka c) Incepta Pharmaceutics Ltd.; Zirabo, Savar, Dhaka d) EVEREST *Pharmaceuticals Ltd.* Kanchpur BSCIC, Soanragon, Narayanagnj BANGLADESH	Tablet			and have previously been treated with an HCV regimen containing an NS5A inhibitor. ♦ Genotype 1a or 3 infection and have previously been treated with an HCV regimen containing Sofosbuvir without an NS5A inhibitor. ○ Additional benefit over Sofosbuvir/ Velpatasvir was not shown in adults with genotype 1b, 2, 4, 5, or 6 infections previously treated with Sofosbuvir without an NS5A inhibitor.	grades) observed with treatment with Sofosbuvir, Velpatasvir and Voxilaprevir for 12 weeks were headache, fatigue, diarrhea, and nausea. Warning: Risk of Hepatitis B virus reactivation: Test all patients for evidence of current or prior HBV infection before initiation of HCV treatment. Monitor HCV/HBV coinfected patients for HBV reactivation and hepatitis flare during HCV treatment and post-treatment follow-up. Initiate appropriate patient management for HBV infection as clinically indicated. Bradycardia with amiodarone coadministration: Serious symptomatic bradycardia may occur in patients taking amiodarone with Sofosbuvir, Velpatasvir and Voxilaprevir, a sofosbuvir-containing regimen, particularly in patients also receiving beta blockers, or those with underlying cardiac comorbidities and/or advanced liver disease. Coadministration of amiodarone with Sofosbuvir, Velpatasvir and Voxilaprevir is not recommended. In patients without alternative viable treatment options, cardiac monitoring is recommended.				
4.	a) Beacon Pharmaceuticals Ltd, Kathali, Bhaluka, Mymensingh b) Navana Pharmaceuticals Ltd. c) Square	Diphenhydramine Hydrochloride 14mg + Guaifenesin 100mg + Levomenthol 1.10mg/5ml syrup	Diphenhydramine Hydrochloride BP 14mg + Guaifenesin BP 100mg + Levomenthol BP 1.10mg/5ml	Antitussive	It is indicated for the night time relief of cough, associated congestive symptoms and aiding restful sleep.	Contraindications:Known hypersensitivity to the product or any of its constituents. This product should not be administered to patients currently receiving monoamine oxidase inhibitors (MAOIs) or those patients who have received treatment with MAOIs within the last two week Not to be used in children under the age of 12 years.	Dextromethorphan Hydrobromide 300mg + Guaiphenesin 4gm + Menthol 300mg/100ml Syrup	MHRA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।

নং	প্রস্তুতকারকের নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
	Pharmaceuticals Ltd., Pabna Unit, Salgaria, Pabna					Side effects: Common side effects may include: • dizziness, drowsiness; • sleep problems (insomnia); • diarrhea; or • feeling nervous, restless, anxious, or irritable.				
5.	a) Beacon Pharmaceuticals Ltd, Kathali, Bhaluka, Mymensingh b) Square Pharmaceuticals Ltd., (Dhaka Unit) Kaliakoir, Gazipur	Doxofylline 400mg + Montelukast 10mg Tablet	Doxofylline INN 400mg + Montelukast Sodium USP/BP 10.400mg eq. to 10mg of Montelukast	Bronchodilator	It is used for the treatment, control, prevention, & improvement of the following diseases, conditions and symptoms: • Asthma • Hay fever • Exercise-induced asthma • Chronic asthma • Seasonal allergic rhinitis • Perennial allergic rhinitis • Doxovent M Tablet may also be used for purposes not listed here.	Contraindication: Contraindicated in patients who are hypersensitive to any component of this product or to any of its ingredients.It should not be used if you have the following conditions: • Allergic reactions • Asthma exacerbations • Hypersensitivity • Lactation • Pregnancy Side effect: The following is a list of possible side-effects that may occur from all constituting ingredients of Doxovent M Tablet. This is not a comprehensive list. These side-effects are possible, but do not always occur. • Nausea • Vomiting • Epigastric pain • Palpitations • Headache • Insomnia	Doxophylline 400 mg Tablet, Montelukast 10mg Tablet		প্রয়োজনীয় রেফারেন্স এবং পৃথকভাবে অনুমোদিত রয়েছে বিধায় আবেদন নামঞ্জুর করা যেতে পারে।	প্রয়োজনীয় রেফারেন্স এবং পৃথকভাবে অনুমোদিত রয়েছে বিধায় আবেদন নামঞ্জুর করা হল।
6.	a) Beacon Pharmaceuticals Ltd. b) Square Pharmaceuticals Ltd., Pabna Unit, Salgaria, Pabna	Escitalopram 10mg + Clonazepam 0.50mg Tablet	Escitalopram oxalate USP 12.774mg eqv. to Escitalopram 10mg + Clonazepam USP 0.50mg	Antidepressant	Indicated for the treatment of patient with comorbid depression and anxiety disorder	Contraindications: The most common set of undesirable effects observed with Escitalopram are dry mouth, increased sweating, headache, par aesthesia, dizziness, nausea, diarrhoea, constipation, indigestion, abdominal pain, vomiting, flatulence, influenza-like symptoms, fatigue, insomnia, somnolence, decreased appetite, decreased libido, yawning, rhinitis, sinusitis, ejaculation disorder, impotence, anorgasmia and menstrual disorders.	Escitalopram 5mg, 10mg Tablet Clonazepan 0.5mg, 10mg Tablet		প্রয়োজনীয় রেফারেন্স এবং পৃথকভাবে অনুমোদিত রয়েছে বিধায় আবেদন নামঞ্জুর করা যেতে পারে।	প্রয়োজনীয় রেফারেন্স এবং পৃথকভাবে অনুমোদিত রয়েছে বিধায় আবেদন নামঞ্জুর করা হল।

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
7.	a) Beximco Pharmaceuticals Ltd. b) GLOBE PHARMACEUTICALS LTD. Bscic Industrial estate Begumgonj, noakhali c) Healthcare Pharmaceuticals Ltd. d) Incepta Pharmaceutics Ltd.; Zirabo, Savar, Dhaka e) The IBN SINA Pharmaceuticals Industries Ltd.	Delafloxacin 300 mg IV injection	Each vial contains Delafloxacin meglumine INN 433 mg equivalent to Delafloxacin 300 mg injection.	Antibiotic	Delafloxacin is a fluoroquinolone antibacterial indicated in adults for the treatment of acute bacterial skin and skin structure infections (ABSSSI) caused by designated susceptible bacteria. To reduce the development of drug-resistant bacteria and maintain the effectiveness of delafloxacin and other antibacterial drugs, delafloxacin should be used only to treat infections that are proven or strongly suspected to be caused by bacteria.	Contraindications: Known hypersensitivity to Delafloxacin or other fluoroquinolone. Side effects: Most common adverse reactions (incidence ≥ 2%) are nausea, diarrhea, headache, transaminase elevations and vomiting.	New	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।
8.	a) Beximco Pharmaceuticals Ltd. b) Drug International Ltd 252, Tongi I/A Tongi, Gazipur c) Healthcare Pharmaceuticals Ltd.	Delafloxacin 450 mg Tablet	Delafloxacin Meglumine INN 649mg eq. to 450mg Delafloxacin	Antibiotic	**Delafloxacin is indicated in adults for the treatment of acute bacterial skin and skin structure infections (ABSSSI) caused by susceptible isolates of the following:** **Gram-Positive Organisms:** ***Staphylococcus aureus* (including methicillin-resistant [MRSA] and methicillin-susceptible [MSSA] isolates),**	Contraindication: Delafloxacin is contraindicated in patients with known hypersensitivity to Delafloxacin or any other components of this drug. Side effects:The most common adverse reactions are nausea, diarrhea, headache, transaminase elevations and vomiting.	New	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
	d) Incepta Pharmaceuticals e) The IBN SINA Pharmaceuticals Industries Ltd. f) M/s. Julphar Bangladesh Ltd. Sreepur, Gazipur, Dhaka g) GLOBE PHARMACEUTICALS LTD. Bscic Industrial estate Begumgonj, noakhali				***Staphylococcus haemolyticus,* *Staphylococcus lugdunensis,* *Streptococcus agalactiae,* *Streptococcus anginosus* Group (including *Streptococcus anginosus,* *Streptococcus intermedius,* and *Streptococcus constellatus*), *Streptococcus pyogenes,* and *Enterococcus faecalis.*** Gram-Negative Organisms: *Escherichia coli, Enterobacter cloacae, Klebsiella pneumonia* and *Pseudomonas aeruginosa.*				
9.	a) Beximco Pharmaceuticals Ltd., Tongi, Gazipur b) Genral Pharmaceuticals Ltd., Gazipur c) Healthcare Pharmaceuticals Ltd.	Nebivolol 5mg + Valsartan 80 mg Tablet	Nebivolol Hydrochloride INN 5.45mg eq. to 5mg Nebivolol + Valsartan USP 80mg	Antihypertensive	is a beta adrenergic blocker and an angiotensin II receptor blocker (ARB) indicated for the treatment of hypertension, to lower blood pressure. Lowering blood pressure reduces the risk of fatal and nonfatal cardiovascular events, primarily strokes and myocardial infarctions.	Contra-indication Severe bradycardia • Heart block greater than first degree • Patients with cardiogenic shock • Decompensated cardiac failure • Sick sinus syndrome (unless a permanent pacemaker is in place) • Patients with severe hepatic impairment (Child-Pugh >B) • Hypersensitivity to any component of this product Side effects: Hypotension & Hyperkalemia	Nebivolol 2.5mg and 5.0mg Tablet Valsartan 40mg, 80mg and 160mg Tablet	USFDA	পৃথকভাবে অনুমোদিত রয়েছে বিধায় আবেদন নামঞ্জুর করা যেতে পারে।	পৃথকভাবে অনুমোদিত রয়েছে বিধায় আবেদন নামঞ্জুর করা হল।

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
10.	a) Healthcare Pharmaceutical ltd., Rajendrapur, Gazipur b) EVEREST *Pharmaceuticals Ltd.* Kanchpur BSCIC, Soanragon, Narayanagnj BANGLADESH	Glecaprevir 100mg + Pibrentasvir 40mg Tablet	Glecaprevir INN 100mg + Pibrentasvir INN 40mg	Antiviral	It is a fixed-dose combination of glecaprevir, a hepatitis C virus (HCV) NS3/4A protease inhibitor, and pibrentasvir, an HCV NS5A inhibitor, and is indicated for the treatment of patients with chronic HCV genotype (GT) 1, 2, 3, 4, 5 or 6 infection without cirrhosis and with compensated cirrhosis (Child-Pugh A). MAVYRET is also indicated for the treatment of adult patients with HCV genotype 1 infection, who previously have been treated with a regimen containing an HCV NS5A inhibitor or an NS3/4A protease inhibitor, but not both	Contraindications: Patients with severe hepatic impairment (Child-Pugh C). Coadministration with atazanavir and rifampin Adverse Reactions: The most commonly reported adverse reactions (greater than 10%) are headache and fatigue.	New	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।
11.	a) Healthcare Pharmaceuticals Ltd. b) Incepta Pharmaceutics Ltd.; Zirabo, Savar, Dhaka	Lesinurad 200mg + Allopurinol 200mg Tablet	Lesinurad INN 200mg + Allopurinol USP 200mg	Antigout	A combination of lesinurad, a URAT1 inhibitor, and allopurinol, a xanthine oxidase inhibitor, is indicated for the treatment of hyperuricemia associated with gout in patients who have not achieved target serum uric acid levels with a medically appropriate daily dose of allopurinol alone. Limitations of Use: Lesinurad 200mg + Allopurinol 200mg Tablet is not recommended for the treatment of asymptomatic hyperuricemia.	Contraindication: Severe renal impairment, end stage renal disease, kidney transplant recipients, or patients on dialysis. Tumor lysis syndrome or Lesch-Nyhan syndrome. Known hypersensitivity to allopurinol, including previous occurrence of skin rash. Side effects: Most common adverse reactions in 12-month controlled clinical trials (occurring in greater than or equal to 2% of patients treated with lesinurad in combination with a xanthine oxidase inhibitor and more frequently than on oxidase inhibitor alone) were headache, influenza, blood creatinine increased, and gastroesophageal reflux disease. The most frequently reported adverse reaction for allopurinol is skin rash.	Allopurinol 100mg and 300mg Tablet	USFDA	প্রয়োজন নেই বিধায় আবেদন নামঞ্জুর করা যেতে পারে।	প্রয়োজন নেই বিধায় আবেদন নামঞ্জুর করা হল।

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
12.	a) Healthcare Pharmaceuticals Ltd. b) Incepta Pharmaceutics Ltd.; Zirabo, Savar, Dhaka	Lesinurad 200mg + Allopurinol 300mg Tablet	Lesinurad INN 200mg + Allopurinol USP 300mg	Anti-Gout Agent	A combination of lesinurad, a URAT1 inhibitor, and allopurinol, a xanthine oxidase inhibitor, is indicated for the treatment of hyperuricemia associated with gout in patients who have not achieved target serum uric acid levels with a medically appropriate daily dose of allopurinol alone Limitations of Use: Lesinurad 200mg + Allopurinol 200mg Tablet is not recommended for the treatment of asymptomatic hyperuricemia.	Contra-indication: Severe renal impairment, end stage renal disease, kidney transplant recipients, or patients on dialysis. Tumor lysis syndrome or Lesch-Nyhan syndrome. Known hypersensitivity to allopurinol, including previous occurrence of skin rash. Side effects: Most common adverse reactions in 12-month controlled clinical trials (occurring in greater than or equal to 2% of patients treated with lesinurad in combination with a xanthine oxidase inhibitor and more frequently than on oxidase inhibitor alone) were headache, influenza, blood creatinine increased, and gastroesophageal reflux disease.The most frequently reported adverse reaction for allopurinol is skin rash.	Allopurinol 100mg and 300mg Tablet	USFDA	প্রয়োজন নেই বিধায় আবেদন নামঞ্জুর করা যেতে পারে।	প্রয়োজন নেই বিধায় আবেদন নামঞ্জুর করা হল।
13.	a) Healthcare Pharmaceuticals Ltd. b) Ziska Pharmaceuticals Ltd. c) Incepta Pharmaceutics Ltd.; Zirabo, Savar, Dhaka	Meropenem 1.0 gm + Vaborbactam 1.0 gm/Vial Injection	Meropenem Trihydrate USP 1.14gm eq. to Anhydrous Meropenem 1.0 gm + Vaborbactam INN 1.0 gm/Vial	Antibiotic	It is a combination of meropenem, a penem antibacterial, and vaborbactam, a beta-lactamase inhibitor, indicated for the treatment of patients 18 years and older with complicated urinary tract infections (cUTI) including pyelonephritis caused by designated susceptible bacteria. To reduce the development of drug-resistant bacteria and maintain the effectiveness of this injection and other antibacterial drugs, it should be used only to treat or prevent infections that are proven or strongly suspected to be caused by susceptible bacteria	Contraindication: Known hypersensitivity to the components of this injection (meropenem and vaborbactam) or anaphylactic reactions to beta-lactams. Side effects: The most frequently reported adverse reactions occurring in ≥3% of patients treated with VABOMERE were headache, phlebitis/infusion site reactions, and diarrhea.	Meropenem 250mg, 500mg and 1.0gm Injection	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
14.	a) Incepta Pharmaceutics Ltd.; Zirabo, Savar, Dhaka b) Beacon Pharmaceuticals Ltd, Kathali, Bhaluka, Mymensingh	Dupilumab 300mg/2ml Injection	Each prefilled syringe contains Dupilumab INN 300mg/2ml	Dermatological Agent	It is indicated for the treatment of adult patients with moderate-to- severe atopic dermatitis whose disease is not adequately controlled with topical prescription therapies or when those therapies are not advisable. Dupilumab can be used with or without topical corticosteroids.	Contraindications: It is contraindicated in patients who have known hypersensitivity to dupilumab or any of its excipients. Side Effects: • injection site reactions, • pink eye (conjunctivitis), • swollen or puffy eyelids, • oral herpes, • inflammation of the cornea (keratitis), • eye itching, • other herpes simplex virus infection, and • dry eye.	New	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।
15.	a) Navana Pharmaceuticals Ltd b) IBN Sina Pharmaceuticals Ltd.	Cetirizine 0.240gm/100ml Ophthalmic Solution	Cetirizine Hydrochloride BP 0.290gm eq. to Cetirizine 0.240gm/100ml	Antihistamine	It is a histamine-1 (H1) receptor antagonist indicated for treatment of ocular itching associated with allergic conjunctivitis.	Contraindications: None Adverse Reactions: The most common adverse reactions (1–7%) were ocular hyperemia, instillation site pain, and visual acuity reduced.	10 mg Tablet 5mg/5ml Syrup 2.5mg/ml Paediatric Drops	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।
16.	a) Navana Pharmaceuticals Ltd b) Beacon Pharmaceuticals Ltd.	Montelukast 80mg/100ml suspension	Montelukast Sodium USP 83.00 mg eq. to Montelukast 80mg/100ml	Antiasthmatic	it is a leukotriene receptor antagonist indicated for: • Prophylaxis and chronic treatment of asthma in patients 12 months of age and older • Acute prevention of exercise-induced bronchoconstriction (EIB) in patients 6 years of age and older • Relief of symptoms of allergic rhinitis (AR): seasonal allergic rhinitis (SAR) in patients 2 years of age and older, and perennial allergic rhinitis (PAR) in patients 6 months of age and older	Contraindications:Hypersensitivity to any component of this product Side effect:o Most common adverse reactions (incidence ≥5% and greater than placebo listed in descending order of frequency): upper respiratory infection, fever, headache, pharyngitis, cough, abdominal pain, diarrhea, otitis media, influenza, rhinorrhea, sinusitis, otitis	4mg, 5mg & 10 mg Tablet		প্রয়োজনীয় রেফারেন্স নেই বিধায় আবেদন নামঞ্জুর করা যেতে পারে।	প্রয়োজনীয় রেফারেন্স নেই বিধায় আবেদন নামঞ্জুর করা হল।

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
17.	a) Square Pharmaceuticals Ltd., Pabna Unit, Salgaria, Pabna b) Pharmasia Limited Gojariapara, BhawalMirzapur, Gazipur Sadar, Gazipur c) Ziska Pharmaceuticals Ltd.	Linaclotide 145mcg Capsule	0.09% Blended Pellets of Linaclotide Ph. Grade 161.111mg contains Linaclotide INN 145mcg	Gastrointestinal Agent	This is a guanylate cyclase-C agonist indicated in adults for treatment of: • Irritable bowel syndrome with constipation. (IBS-C) (1) • Chronic idiopathic constipation. (CIC) (1)	Contraindications: •Patients less than 6 years of age due to the risk of serious dehydration. • Patients with known or suspected mechanical gastrointestinal obstruction. Adverse reactions: Most common adverse reactions (≥2%) reported in IBS-C or CIC patients are: diarrhea, abdominal pain, flatulence and abdominal distension.	New	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।
18.	a) Square Pharmaceuticals Ltd., Pabna Unit, Salgaria, Pabna b) Ziska Pharmaceuticals Ltd.	Linaclotide 290mcg Capsule	0.09% Blended Pellets of Linaclotide Ph. Grade 322.222mg contains Linaclotide INN 290mcg	Gastrointestinal Agent	This is a guanylate cyclase-C agonist indicated in adults for treatment of: • Irritable bowel syndrome with constipation. (IBS-C) (1) • Chronic idiopathic constipation. (CIC) (1)	Contraindications: •Patients less than 6 years of age due to the risk of serious dehydration. • Patients with known or suspected mechanical gastrointestinal obstruction. Adverse reactions: Most common adverse reactions (≥2%) reported in IBS-C or CIC patients are: diarrhea, abdominal pain, flatulence and abdominal distension.	New	USFDA	প্রয়োজন নেই বিধায় আবেদন নামঞ্জুর করা যেতে পারে।	প্রয়োজন নেই বিধায় আবেদন নামঞ্জুর করা হল।
19.	a) Square Pharmaceuticals Ltd., Pabna Unit, Salgaria, Pabna b) Drug International Ltd 252, Tongi I/A	Obeticholic Acid 10mg Tablet	Obeticholic Acid INN 10mg	Bile acid analogue	It is indicated for the treatment of Primary Biliary Cholangitis (PBC) in combination with ursodeoxycholic acid (UDCA) in adults with an inadequate response to UDCA, or as monotherapy in adults unable to tolerate UDCA.	Contraindications: Patients with complete biliary obstruction. Adverse Reaction: Most common adverse reactions (≥ 5%) are: pruritus, fatigue, abdominal pain and discomfort, rash, oropharyngeal pain, dizziness, constipation, arthralgia, thyroid function abnormality, and eczema.	New	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
	c) Beacon Pharmaceuticals Ltd, Kathali, Bhaluka, Mymensingh									
20.	a) Square Pharmaceuticals Ltd., Pabna Unit, Salgaria, Pabna b) Drug International Ltd 252, Tongi I/A Tongi, Gazipur c) EVEREST *Pharmaceuticals Ltd.* Kanchpur BSCIC, Soanragon, Narayanagnj BANGLADESH D) Beacon Pharmaceuticals Ltd, Kathali, Bhaluka, Mymensingh e) Pharmasia Limited Gojariapara, BhawalMirzapur, Gazipur Sadar, Gazipur	Obeticholic Acid 5mg Tablet	Obeticholic Acid INN 5mg	Bile acid analogue	This is indicated for the treatment of Primary Biliary Cholangitis (PBC) in combination with ursodeoxycholic acid (UDCA) in adults with an inadequate response to UDCA, or as monotherapy in adults unable to tolerate UDCA.	Contraindications: Patients with complete biliary obstruction. Adverse Reaction: Most common adverse reactions (≥ 5%) are: pruritus, fatigue, abdominal pain and discomfort, rash, oropharyngeal pain, dizziness, constipation, arthralgia, thyroid function abnormality, and eczema.	New	USFDA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।
21.	a) Square	Sodium Alginate	Sodium Alginate BP	Antacid	It is indicated for the treatment of gastro-	Contraindications: Hypersensitivity to the active	Potassium	MHRA	প্রয়োজন নেই বিধায়	প্রয়োজন নেই

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
	Pharmaceuticals Ltd., Pabna Unit, Salgaria, Pabna b) Beximco Pharmaceuticals Ltd.	5.0 gm + Sodium Bicarbonate 2.13gm + Calcium Carbonate (light) 3.25gm/100ml Oral Suspension	5.0gm + Sodium Bicarbonate BP 2.13gm + Calcium Carbonate BP 3.25gm / 100ml		oesophageal reflux i.e. acid regurgitation, heartburn, indigestion (for example following meals or during pregnancy) and for symptoms of excess stomach acid (hyperacidity) It acts in a dual mechanism mood, quickly neutralizes excess stomach acid and also forms a protective layer over stomach content	substances or to any of the excipients, including the esters of hydroxybenzoates (parabens). Side effects: Very rarely (<1/10,000) patients sensitive to the ingredients may develop allergic manifestations such as urticaria or bronchospasm, anaphylactic or anaphylactoid reactions	Bicarbonate 100mg + Sodium Alginate 500mg/5ml		আবেদন নামঞ্জুর করা যেতে পারে।	বিধায় আবেদন নামঞ্জুর করা হল।
22.	a) UniMed & UniHealth Mfg. Ltd. B.K, Bari Gazipur Sadar, Gazipur b) Square Pharmaceuticals Ltd., Pabna Unit, Salgaria, Pabna	Deflazacort 30mg Tablet	Deflazacort INN 30mg	Glucocorticoid	Asthma and other airway Diseases, Rheumatoid arthritis, juvenile chronic arthritis, pemphigus, uveitis, nephritic, syndrome,Immune suppression in transplantation, anaphylaxis, severe,hypersensitivity reactions, dermatomyositis, mixed connective, tissue disease, polyarteritis nodosa, bullous pemphigoid, ulcerative colitis, optic neuritis, autoimmune haemolytic anaemia, idiopathic, thrombocytopenic, purpura, acute and lymphatic leukaemia, malignant lymphoma.	Contraindications: Systemic infection; live virus vaccines in those receiving immunosuppressive doses. Side Effects: GI disturbances, musculoskeletal, endocrine, neuropsychiatric, ophthalmic, fluid and electrolyte disturbances; susceptible to infection, impaired healing, hypersensitivity, skin atrophy, striae, telangiectasia, acne, myocardial rupture following recent MI, thromboembolism.	6mg, 24mg Tablet & 120mg/100ml Suspention	USDFA	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।
23.	ACI Limited, 7 Hajeegonj Road, Godnyl, Narayangonj	Beclomethasone dipropionate 50 mcg / puff 200 metered dose HFA Inhaler	Beclomethasone dipropionate BP 50 mcg / puff (actuation)	Antiasthmatic	It is indicated in the maintenance treatment of asthma as prophylactic therapy in patients 5 years of age and older.Beclomethasone dipropionate is also indicated for asthma patients who require systemic corticosteroid administration, where adding Beclomethasone dipropionate may reduce or eliminate the need for the systemic corticosteroids. Beclomethasone dipropionate is not indicated for the relief of acute bronchospasm.	Contraindications: Hypersensitivity to Beclomethasone inhaler is a contraindication; and special care is necessary in patients with active or quiescent pulmonary tuberculosis. Side Effects : Beclomethasone dipropionate HFA inhalation aerosol has been found generally well tolerated in the extensive clinical development program. The adverse effects that occurred in a very few patients are headache, URTI, rhinitis, sinusitis, pain, back pain, nausea, dysphonia etc. No patients in the clinical development program developed symptomatic oropharyngeal candidiasis with HFA Beclomethasone. If it occurs, it can be treated with topical antifungal therapy whilst	100mcg, 200mcg, 250mcg, 400mcg Inhaler	BNF- 74 Page: 250	অনুমোদন করা যেতে পারে।	অনুমোদন করা হল।

নং	প্রস্তুতকারকে নাম	ঔষধের নাম	জেনেরিক নাম	থেরাপিউটিক ক্লাস	নির্দেশনা	Contra-indication & Side-effect	Status (New Molecule/ Existing)	আবেদনকারী কর্তৃক USFDA/BNF / MHRA Ref.	টেকনিক্যাল সাব কমিটির সভার সিদ্ধান্ত	সভার সিদ্ধান্ত
						still continuing with the Beclometasone dipropionate HFA inhaler. In some patients, inhaled Beclomethasone dipropionate may cause hoarseness or throat irritation. It may be helpful to rinse mouth with water immediately after inhalation. As with other inhalation therapy, the potential for paradoxical bronchospasm should be kept in mind.				
